

আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমষ্টিয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়বদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমষ্টিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গত ১৪ মে ২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ দেয়া হয়েছে। বর্তমানে Feasibility Study এর কাজ চলমান আছে। আগস্ট ২০২৫ পর্যন্ত অগ্রগতি ৭০.০০%।